



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৪১

তারিখ: ২২ বৈশাখ ১৪২৮
০৫ মে ২০২১

বিষয়: করোনভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধের সময়সীমা বর্ধিতকরণ।

- সূত্র:
- | | | |
|-----|--|-------------------|
| (১) | মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০, | তারিখ: ১২.০৪.২০২১ |
| (২) | মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২৪, | তারিখ: ১৩.০৪.২০২১ |
| (৩) | মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২৬, | তারিখ: ২০.০৪.২০২১ |
| (৪) | মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২৯, | তারিখ: ২৩.০৪.২০২১ |
| (৫) | মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৩৪, | তারিখ: ২৮.০৪.২০২১ |

করোনভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় পূর্বের সকল বিধি-নিষেধ ও কার্যক্রমের ধারাবাহিকতায় সূত্রস্থ স্মারকসমূহের নির্দেশনার অনুবৃত্তিক্রমে নিম্নোক্ত শর্তাবলি সংযুক্ত করে আগামী ০৫ মে ২০২১ তারিখ মধ্যরাত হতে ১৬ মে ২০২১ তারিখ মধ্যরাত পর্যন্ত এ বিধি-নিষেধ আরোপের সময়সীমা বর্ধিত করা হলো:

- (ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত ও বেসরকারি অফিস এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীগণ ঈদের ছুটিতে আবশ্যিকভাবে স্ব স্ব কর্মস্থলে (অধিক্ষেত্রে) অবস্থান করবেন;
- (খ) দোকানপাট/শপিংমলসমূহ পূর্বের ন্যায় সকাল ১০.০০ টা হতে রাত ০৮.০০ পর্যন্ত খোলা রাখা যাবে। সকল দোকানপাট ও শপিংমলে স্বাস্থ্যবিধি যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করতে হবে। অন্যথায় দোকানপাট/শপিংমল তাৎক্ষণিক বন্ধ করে দেওয়া হবে;
- (গ) আন্তঃজেলা গণপরিবহন বন্ধ থাকবে। তবে, আগামী ০৫ মে ২০২১ এর পর যথাযথ স্বাস্থ্যবিধি প্রতিপালন সাপেক্ষে জেলার অভ্যন্তরে গণপরিবহন চলাচল করতে পারবে। উল্লেখ্য, ট্রেন ও লঞ্চ চলাচল পূর্বের মতোই বন্ধ থাকবে;
- (ঘ) মাস্ক ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে। প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (ঙ) জনসমাবেশ হয় এ ধরনের সামাজিক, রাজনৈতিক ও ধর্মীয় আচার অনুষ্ঠান বন্ধ রাখতে হবে; এবং

Adman



(ঢ) কোভিড-১৯ প্রতিরোধে সিটি কর্পোরেশন, জেলা সদর, পৌরসভা এলাকাসমূহে বাধ্যতামূলক মাস্ক পরিধান, সামাজিক দূরত্ব বজায় রাখাসহ অন্যান্য স্বাস্থ্য বিধি প্রতিপালনের জন্য তথ্য মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভা মাইকিংসহ ব্যাপক প্রচার-প্রচারণার ব্যবস্থা গ্রহণ করবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ রেজাউল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫৫১১০৭
ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে:

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর—নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ।
- ৬। জেলা প্রশাসক (সকল)।
- ৭। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাড়ার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং ৫৮.০৪.০০০০.০২১.০৩.০০১.২০২০- ১০০০

তারিখঃ ১১ বৈশাখ' ১৪২৮
০৫ মে' ২০২১

মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখার পত্র নং-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১৪১ তাং- ০৫-০৫-২০২১ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ১। প্রকল্প পরিচালক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা।
- ২। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
পত্রের সর্ম্মানুযায়ী আপনার অধীনস্থ কারাগারসমূহে অনুলিপি প্রেরণ পূর্বক বর্ণিত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।
- ৩। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহী।
- ৪। সিনিয়র কারা তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
- ৫। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৬। পরিচালক, কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট, ঢাকা।
- ৭। প্রশাসনিক কর্মকর্তা-১ ও ২/ বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। স্মারকটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রিজন্স সিকিউরিটি ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ১০। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা। আপনার দপ্তরে কর্মরত অন্যান্য কর্মচারীদের বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ১১। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শক (স:দ:) মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১২। ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

(মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া)
০৫/৫/২০২১
মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া
বিজে-০১৮৫১২০০৫৪১
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন-৫৭৩০০৪৬৬ (দপ্তর)
aig.adm@prison.gov.bd